গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০২.২৬.২০৮

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩৩ / ১৭ জুন ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন/প্রণোদনা সহায়তা খাতে রপ্তানিযোগ্য ন্যাচারাল/ভেজিটেবল রঞ্জক (ডাই), ফুড কালার তৈরিতে কৃষি উদ্যোক্তা (ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক) প্রশিক্ষণ ও প্রয়োজনীয় প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি সহায়তা বাবদ প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: (১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং- ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.১৪২৯, তারিখ: ০৩-০৫-২০২৬খ্রি.
(২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ০০০০.০২৬.৩৮.০০২.২৬.২০৭; তারিখ: ১৭-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে রপ্তানিযোগ্য ন্যাচারাল/ভেজিটেবল রঞ্জক (ডাই), ফুড কালার তৈরিতে কৃষি উদ্যোক্তা (ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক) প্রশিক্ষণ ও প্রয়োজনীয় প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি (স্টিম মেশিন, ব্লেন্ডার মেশিন, ইন্ডাকশন/ইনফ্রারেড চুলা) সহায়তা বাবদ প্রণোদনা কর্মসূচির **৫৩.৬৫৮ লক্ষ** (তেপান্ন লক্ষ পঁয়ষট্টি হাজার আটশত) টাকা; ০২ নং অনুচ্ছেদে কৃষি উদ্যোক্তা (ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক) প্রতি প্রাক্কলিত ব্যয় ও কৃষি উদ্যোক্তা প্রশিক্ষণ ব্যয় বিবরণ; ০৩ নং অনুচ্ছেদে জেলাভিত্তিক উপকারভোগী কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর ও অর্থ বিভাজন এবং ০৪ নং অনুচ্ছেদে বাস্তবায়ন পদ্ধতি ও শর্তাবলী উল্লেখপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। এ প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষি উদ্যোক্তা (ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক কৃষক) প্রতি প্রাক্কলিত ব্যয় ও কৃষি উদ্যোক্তা প্রশিক্ষণ ব্যয় বিবরণী:

(i) ন্যাচারাল/ভেজিটেবল রঞ্জক (ডাই) ও ফুড কালার তৈরিতে কৃষি উদ্যোক্তা প্রতি যন্ত্রপাতি/সরঞ্জামাদি ও আর্থিক সহায়তার বিবরণ:

| ক্রমিক নং | উপকরণ/খাত | যন্ত্রপাতি/সরঞ্জামাদি প্রতি আর্থিক সহায়তা (টাকা) | | |
|---|---|---|---|---|
| | | জনপ্রতি উপকরণ সহায়তা | একক মূল্য | একটি মেশিনের জন্য আর্থিক সহায়তা (টাকা) |
| ১ | স্টিম মেশিন | ১ | ৬৮,০০০ | ৬৮,০০০ |
| ২ | ব্লেন্ডার মেশিন | ১ | ১০,০০০ | ১০,০০০ |
| ৩ | ইন্ডাকশন/ইনফ্রারেড চুলা | ১ | ১০,০০০ | ১০,০০০ |
| ৪ | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত | থোক | ৫০০ | ৫০০ |
| | | | **মোট** | **৮৮,৫০০ টাকা (আটাশি হাজার পাঁচশত)** |

(ii) কৃষি উদ্যোক্তা প্রশিক্ষণ ব্যয় বিবরণী:

(১) কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী/ কৃষি উদ্যোক্তা কর্তৃক ব্যবহার উপযোগী কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে রপ্তানিযোগ্য ভেজিটেবল/ ন্যাচারাল রঞ্জক (ডাই) ও অর্গানিক ফুড কালার তৈরির কলাকৌশল এবং এক্সপোর্ট কমপ্লায়েন্স সংক্রান্ত প্রশিক্ষণ (প্রতি ব্যাচে ২৫ জন)। ব্যাচ প্রতি মোট খরচ: ২,৩৬,৮০০ টাকা।

| ক্রমিক নং | বিষয় | ০৩ দিনের প্রশিক্ষণ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | হার (টাকা) | মোট টাকা | |
| ১ | প্রশিক্ষণার্থী সম্মানী | ২৫ জন | ৫০০×৩ দিন×২৫ জন | ৩৭,৫০০/- | |
| ২ | প্রশিক্ষক সম্মানী | ১৫ ঘন্টা | ৩,০০০×১৫ ঘন্টা | ৪৫,০০০/- | |
| ৩ | কোর্স পরিচালক | ০১ জন | ২,০০০×০১ জন | ২,০০০/- | |
| ৪ | প্রশিক্ষণ সমন্বয়কারী | ০১ জন | ১,৫০০×০১ জন | ১,৫০০/- | |
| ৫ | প্রশিক্ষণ সহায়তাকারী | ০৩ জন | ১,০০০×৩ দিন×০২ জন | ৬,০০০/- | |
| ৬ | প্রশিক্ষণ সামগ্রী (ফাইল, নোটবুক এবং কলম) | ২৫ জন | ৫০০×২৫ জন | ১২,৫০০/- | |
| ৭ | চা ও নাস্তা | ৩৫ জন | ৮০×৩ দিন×৩৫ জন (২ বার) | ১৬,৮০০/- | সকাল-বিকাল ২ বেলা |
| ৮ | দুপুরের খাবার | ৩৫ জন | ৪০০×৩ দিন×৩৫ জন | ৪২,০০০/- | |
| ৯ | রাতের খাবার | ২৫ জন | ৪০০×২ দিন×২৫ জন | ২০,০০০/- | |
| ১০ | ব্যানার | ০১টি | ১,০০০ | ১,০০০/- | |

| ক্রমিক নং | বিষয় | ০৩ দিনের প্রশিক্ষণ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | হার (টাকা) | মোট টাকা | |
| ১১ | অন্যান্য (প্রশিক্ষণার্থীদের রাত্রীযাপন খরচ, এয়ার ফ্রেশনার, টিস্যু, মাল্টিমিডিয়া প্রজেক্টর, ফল, ফুল, শাক-সবজি, প্রক্রিয়াজাতকারী বিভিন্ন ক্যামিকেলস, সার্টিফিকেট, কনজিউমেবলস- হেড ক্যাপ, সু কাভার, এ্যাপ্রন, হ্যান্ড গ্লাভস, গ্যাসের চুলা ইত্যাদি) | থোক | - | ৫২,৫০০/- | প্রশিক্ষণার্থীদের রাত্রিযাপন খরচ=৫০০*৩ দিন*২৫ জন=৩৭,৫০০/- টাকা এবং অন্যান্য সবকিছু মিলিয়ে থোক ১৫,০০০/- টাকা |
| | | | | মোট | **২,৩৬,৮০০ টাকা (দুই লক্ষ ছত্রিশ হাজার আটশত)** |

* একই হারে ০২ ব্যাচের জন্য মোট ব্যয় **(২,৩৬,৮০০×০২)= ৪,৭৩,৬০০ টাকা (চার লক্ষ তেহাত্তর হাজার ছয়শত)**

(২) কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীদের প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের মূল্য সংযোজন, বাজারজাতকরণ, পরিবেশবান্ধব মোড়কীকরণ, আধুনিক বিপণন কৌশল এবং ইনকিউবেশন সাপোর্ট সংক্রান্ত প্রশিক্ষণ (প্রতি ব্যাচে ২৫ জন)। ব্যাচ প্রতি মোট খরচ: ২,৩৩,৬০০ টাকা।

| ক্রমিক নং | বিষয় | ০৩ দিনের প্রশিক্ষণ | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | হার (টাকা) | মোট টাকা | |
| ১ | প্রশিক্ষণার্থী সম্মানী | ২৫ জন | ৫০০×৩ দিন×২৫ জন | ৩৭,৫০০/- | |
| ২ | প্রশিক্ষক সম্মানী (গ্রেড-৩ হতে তদুর্ধ্ব) | ৩ ঘন্টা | ৩,৬০০×০৩ ঘন্টা | ১০,৮০০/- | |
| ৩ | প্রশিক্ষক সম্মানী (গ্রেড-৪ হতে তদনিম্ন) | ১২ ঘন্টা | ৩,০০০×১২ ঘন্টা | ৩৬,০০০/- | |
| ৪ | কোর্স পরিচালক | ০১ জন | ২,০০০×০১ জন | ২,০০০/- | |
| ৫ | প্রশিক্ষণ সমন্বয়কারী | ০১ জন | ১,৫০০×০১ জন | ১,৫০০/- | |
| ৬ | প্রশিক্ষণ সহায়তাকারী | ০৩ জন | ১,০০০×৩ দিন×০২ জন | ৬,০০০/- | |
| ৭ | প্রশিক্ষণ সামগ্রী (ফাইল, নোটবুক, কলম এবং ব্যাগ) | ২৫ জন | ৫০০×২৫ জন | ১২,৫০০/- | |
| ৮ | চা ও নাস্তা | ৩৫ জন | ৮০×৩ দিন×৩৫ জন (২ বার) | ১৬,৮০০/- | সকাল-বিকাল ২ বেলা |
| ৯ | দুপুরের খাবার | ৩৫ জন | ৪০০×৩ দিন×৩৫ জন | ৪২,০০০/- | |
| ১০ | রাতের খাবার | ২৫ জন | ৪০০×২ দিন×২৫ জন | ২০,০০০/- | |
| ১১ | ব্যানার | ০১টি | ১,০০০ | ১,০০০/- | |
| ১২ | অন্যান্য (প্রশিক্ষণার্থীদের রাত্রীযাপন খরচ, টিস্যু, প্রজেক্টর, হ্যান্ড ওয়াস, এয়ার ফ্রেশনার, সার্টিফিকেট ইত্যাদি) | থোক | - | ৪৭,৫০০/- | প্রশিক্ষণার্থীদের রাত্রিযাপন খরচ=৫০০*৩ দিন*২৫ জন=৩৭,৫০০/- টাকা এবং অন্যান্য সবকিছু মিলিয়ে থোক ১০,০০০/- টাকা |
| | সর্বমোট টাকা | | | **২,৩৩,৬০০ টাকা (দুই লক্ষ তেত্রিশ হাজার ছয়শত)** | |

* ০২ ব্যাচের জন্য মোট ব্যয় **(২,৩৩,৬০০×০২)= ৪,৬৭,২০০ টাকা (চার লক্ষ সাতষট্টি হাজার দুইশত)**

** ন্যাচারাল/ভেজিটেবল রঞ্জক (ডাই) ও অর্গানিক ফুড কালার তৈরিতে কৃষি উদ্যোক্তা প্রশিক্ষণ ব্যয় বাবদ (১+২) মোট= (৪,৭৩,৬০০ + ৪,৬৭,২০০)= ৯,৪০,৮০০ টাকা (নয় লক্ষ চল্লিশ হাজার আটশত)।

০৩। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর (কৃষক) সংখ্যা ও অর্থ বিভাজন:

| ক্রঃ নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|
| | | | যন্ত্রপাতি/সরঞ্জামাদি বাবদ ব্যয় | প্রশিক্ষণ বাবদ ব্যয় | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | ঢাকা | ৩ | ২.৬৪ | ০.৫৬৪৪৮ | ০.০১৫ | ৩.২১৯ | ৩.২১৯ |
| ২ | বগুড়া | ৪ | ৩.৫২ | ০.৭৫২৬৪ | ০.০২ | ৪.২৯৩ | ৪.২৯৩ |
| ৩ | গাজীপুর | ৪ | ৩.৫২ | ০.৭৫২৬৪ | ০.০২ | ৪.২৯৩ | ৪.২৯৩ |
| ৪ | সিরাজগঞ্জ | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| ৫ | টাঙ্গাইল | ৩ | ২.৬৪ | ০.৫৬৪৪৮ | ০.০১৫ | ৩.২১৯ | ৩.২১৯ |
| ৬ | পাবনা | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| ৭ | বরিশাল | ২ | ১.৭৬ | ০.৩৭৬৩২ | ০.০১ | ২.১৪৬ | ২.১৪৬ |
| ৮ | ভোলা | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| ৯ | চট্টগ্রাম | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| ১০ | নারায়ণগঞ্জ | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| ১১ | খুলনা | ১৩ | ১১.৪৪ | ২.৪৪৬০৮ | ০.০৬৫ | ১৩.৯৫১ | ১৩.৯৫১ |
| ১২ | যশোর | ৪ | ৩.৫২ | ০.৭৫২৬৪ | ০.০২ | ৪.২৯৩ | ৪.২৯৩ |
| ১৩ | মাগুরা | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| ১৪ | বাগেরহাট | ১০ | ৮.৮ | ১.৮৮১৬ | ০.০৫ | ১০.৭৩২ | ১০.৭৩২ |
| ১৫ | শেরপুর | ১ | ০.৮৮ | ০.১৮৮১৬ | ০.০০৫ | ১.০৭৩ | ১.০৭৩ |
| | | ৫০ | ৪৪. | ৯.৪০৮ | ০.২৫ | ৫৩.৬৫৮ | ৫৩.৬৫৮ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে **PPA' 2006 ও PPR' 2025** অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এ মন্ত্রণালয়ের প্রতিস্বাক্ষরিত বিলের মাধ্যমে ছাড়কৃত অর্থ উত্তোলন করতে পারবেন এবং ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কৃষি মন্ত্রণালয়ের কৃষি প্রণোদনা কার্যক্রমের অধীনে কৃষি বিপণন অধিদপ্তরের আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা -এর মাধ্যমে ৫০ জন সম্ভাবনাময় কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীকে নির্বাচন/বাছাই করে এই প্রণোদনা কর্মসূচির অধীনে ২ ধরনের (মোট ০৬ দিন) প্রশিক্ষণ এবং প্রয়োজনীয় প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি ((স্টিম মেশিন, ব্লেন্ডার মেশিন, ইন্ডাকশন/ইনফ্রারেড চুলা) ক্রয়ে সহায়তা প্রদান করা হবে;

৩. এই প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে সম্ভাবনাময় কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারী নির্বাচন ও অনুমোদন এবং প্রশিক্ষণ প্রদান ও প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি বিতরণ ইত্যাদি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর মহোদয়ের নিয়ন্ত্রণে সহকারী পরিচালক (প্রশিক্ষণ), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা -এর সরাসরি তত্ত্বাবধানে এই বাস্তবায়ন পদ্ধতি অনুযায়ী বাস্তবায়িত হবে;

৪. কর্মসূচি প্রাপ্তির পর সহকারী পরিচালক (প্রশিক্ষণ), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা যথাসম্ভব দ্রুত নির্বাচিত/বাছাইকৃত সম্ভাবনাময় কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীদের প্রাপ্ত তথ্যের নিরিখে লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক বরাদ্দকৃত অর্থ মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর -এর অনুকূলে ছাড় করবেন;

৫. কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর তালিকা চূড়ান্ত করার পর **'উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারী তথ্য ছক'** পূরণ করে এর সফটকপি প্রশিক্ষণ কার্যক্রম/ উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (**E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com**) প্রেরণ করতে হবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (**E-mail- input2@moa.gov.bd** ও **moa.input2@gmail.com**) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৬. নির্বাচিত/বাছাইকৃত ৫০ জন কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীকে প্রথমে অভিজ্ঞ রিসোর্স পার্সন সম্বলিত প্রতিষ্ঠান (যাদের হাতে-কলমে প্রশিক্ষণ প্রদানের ফ্যাসিলিটি আছে) হতে "হাতে-কলমে কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীদের উপযোগী কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে রপ্তানিযোগ্য ভেজিটেবল/ন্যাচারাল রঞ্জক (ডাই) এবং অর্গানিক ফুড কালার তৈরির কলাকৌশল এবং এক্সপোর্ট কমপ্লায়েন্স" শীর্ষক তিন (৩) দিনের প্রশিক্ষণ ও সনদ প্রদান করা হবে। অবশেষে, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা হতে "কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীদের প্রক্রিয়াজাতকৃত কৃষিপণ্যের মূল্য সংযোজন, বাজারজাতকরণ, পরিবেশবান্ধব মোড়কীকরণ ও আধুনিক বিপণন কৌশল এবং ইনকিউবেশন সাপোর্ট" বিষয়ক তিন (৩) দিনের প্রশিক্ষণ ও সনদ প্রদান করতে হবে;

৭. সফলভাবে সকল প্রশিক্ষণ শেষ করার পর নির্বাচিত/বাছাইকৃত ৫০ জন কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীসহ প্রত্যেকে কমপক্ষে ০৫ (পাঁচ) থেকে ০৭ (সাত) জনের দল গঠনপূর্বক প্রয়োজনীয় প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি (স্টিম মেশিন, ব্লেন্ডার মেশিন, ইন্ডাকশন/ইনফ্রারেড চুলা) প্রদান করতে হবে। উপকারভোগী কৃষি উদ্যোক্তার (ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারি কৃষক) সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। উক্ত স্ট্যাম্পে অবশ্যই প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি গ্রহণকারী কৃষি উদ্যোক্তার পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্র নম্বর ও মোবাইল নাম্বার যুক্ত করতে হবে। কৃষি বিপণন অধিপ্তরে প্রশিক্ষণ প্রাপ্ত কৃষকগণ দলের অন্যান্য সদস্যদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন।

৮. এই প্রণোদনা কার্যক্রমের আওতায় প্রয়োজনীয় ৫০ সেট প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি (স্টিম মেশিন, ব্লেন্ডার মেশিন, ইন্ডাকশন/ইনফ্রারেড চুলা) পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০২৫ অনুযায়ী দেশীয় সরবরাহকারীর নিকট হতে সংগ্রহ করতে হবে;

৯. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃপক্ষ বরাবর প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন করার পর প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;

১০. এ সংক্রান্ত যাবতীয় অডিট কৃষি বিপণন অধিদপ্তর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যালয়ে নিষ্পন্ন হবে। প্রণোদনা কর্মসূচির চূড়ান্ত বিবরণী কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে;

১১. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাযম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না। প্রশিক্ষণ ও প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতি বিতরণের শেষ চূড়ান্ত প্রতিবেদন সমন্বয় বিবরণী এবং অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের কপিসহ কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে [উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা ও সহকারী পরিচালক (প্রশিক্ষণ), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা এবং চিফ এ্যাকাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, ঢাকা -এর প্রতিস্বাক্ষরসহ] মহাপরিচালক (অতিঃ সচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে ;

**১২. আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং**

**১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন/প্রণোদনা কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে;**

**১৪. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর (কৃষক) তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail-admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com)** মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)

কর্মসূচির নাম
জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর (কৃষক) নাম | পিতা ও মাতার নাম | কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর (কৃষক) জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষি উদ্যোক্তা/প্রক্রিয়াজাতকারীর (কৃষক) মোবাইল নম্বর | প্রণোদনা কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত যন্ত্রপাতির বিবরণ |
|---|---|---|---|---|---|
| | | | | | |

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৪.২৬.২০৮

তারিখ : ০৩ আষাঢ় ১৪৩৩ / ১৭ জুন ২০২৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (বীজ/সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)** ।
৫. মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)** ।

৬. মাননীয় কৃষি মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৮. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ।
১৪. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
১৫. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
১৬. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০/৯/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব

D:\প্রণোদনা ও পুনর্বাসন\pronodona-punorbason ২০২৫-২৬\ভেজিটেবল ও ফ্রুট প্রণোদনা\go vdgetable dry fruit pronodona.docx